# এক নজরে ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ প্রকল্প:

- উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) : হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
- পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ : আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
- প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা :
  - ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে হিন্দু ধর্মীয় পুরোহিত ও সেবাইতদের হিন্দু আইন ও পূজা পদ্ধতি, ভূমি আইন আইসিটি ও ডিজিটাল বাংলাদেশ, সামাজিক মূল্যবোধ, কৃষি ও বনায়ন, গবাদি পশুপালন এবং খাদ্যপুষ্টি ও স্বাস্থ্যসেবা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে ৪১,২১৬ জনের দক্ষতা ও নেতৃত্বদানের সক্ষমতা বৃদ্ধি করা;
  - ধর্মীয় জ্ঞান বৃদ্ধির জন্য প্রশিক্ষণার্থীদেরকে পুরোহিত দর্পণ ও গীতা বই বিতরণ করা;
  - প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ঢাকায় প্রধান কর্যালয়সহ ১৮টি জেলা অফিস প্রতিষ্ঠা করা;
  - পুরোহিত ও সেবাইতদের মাধ্যমে সমাজে নৈতিক শৃঙ্খলা এবং ধর্মীয় ও মানবিক মূল্যবোধ সৃষ্টির মাধ্যমে মাদক, দুর্নীতি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সচেতন করা এবং আন্ত:ধর্মীয় সম্প্রীতির মনোভাব গড়ে তোলা।
- প্রকল্পের বাস্তবায়নকাল : ক) শুরুর তারিখ : ০১ জুলাই ২০২০খ্রি:
  : খ) সমাপ্তির তারিখ : ৩০ জুন ২০২৩খ্রি:

- প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : মোট : ৪৯৯৯.৫৭ লক্ষ টাকা।

অফিস স্থাপিত হবে-

| ক্রম | অফিসস্থ জেলার নাম | অধীনস্থ জেলার নাম |
|---|---|---|
| ১ | হেড অফিস ঢাকা | সমগ্র বাংলাদেশ (সকল জেলা) |
| ২ | ঢাকা জেলা অফিস | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ ও টাঙ্গাইল |
| ৩ | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া, কিশোরগঞ্জ, হবিগঞ্জ |
| ৪ | নরসিংদী জেলা অফিস | নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ |
| ৫ | ফরিদপুর জেলা অফিস | ফরিদপুর, রাজবাড়ী, ঝিনাইদহ ও মাগুরা |
| ৬ | গোপালগঞ্জ জেলা অফিস | গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল ও শরীয়তপুর |
| ৭ | ময়মনসিংহ জেলা অফিস | ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা |
| ৮ | চট্টগ্রাম জেলা অফিস | চট্টগ্রাম, কক্সবাজার ও ফেনী |
| ৯ | রাঙ্গামাটি জেলা অফিস | রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান |
| ১০ | কুমিল্লা জেলা অফিস | কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী |
| ১১ | সিলেট জেলা অফিস | সিলেট, সুনামগঞ্জ ও মৌলভীবাজার |
| ১২ | রংপুর জেলা অফিস | রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম ও লালমনিরহাট |
| ১৩ | দিনাজপুর জেলা অফিস | দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী ও পঞ্চগড় |
| ১৪ | রাজশাহী জেলা অফিস | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ ও নাটোর |
| ১৫ | বগুড়া জেলা অফিস | বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা ও জয়পুরহাট |
| ১৬ | খুলনা জেলা অফিস | খুলনা, বাগেরহাট, যশোর ও সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১৭ | কুষ্টিয়া জেলা অফিস | কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর |
| ১৮ | বরিশাল জেলা অফিস | বরিশাল, ভোলা ও ঝালকাঠি |
| ১৯ | বরগুনা জেলা অফিস | বরগুনা, পটুয়াখালী ও পিরোজপুর |

❖ **প্রকল্পের প্রশিক্ষণের ফলাফলসমূহ নিম্নরূপ (Outcome):**

- প্রশিক্ষণের মাধ্যমে পুরোহিত ও সেবাইতরা নিজ নিজ এলাকায় ধর্মীয় সম্প্রীতি ও সহাবস্থান এবং ভ্রাতৃত্ববোধ জাগ্রত করতে ভূমিকা পালন করবে;
- প্রশিক্ষণের মাধ্যমে পুরোহিত ও সেবাইদের নেতৃত্ব প্রদানের সক্ষমতা বৃদ্ধি পাবে;
- পুরোহিত ও সেবাইতরা প্রশিক্ষণ লব্ধজ্ঞান মন্দিরে আগত দর্শনার্থীদের মাঝে প্রচারের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করে দেশ ও জাতির উৎকর্ষ সাধন করবে;
- পুরোহিত ও সেবাইতরা প্রশিক্ষণে সফলভাবে অংশগ্রহণ করে প্রশংসা পত্র অর্জন করবেন যা তাদের নিজ নিজ এলাকায় সামাজিকভাবে স্বীকৃতি প্রদান করবে;
- প্রশিক্ষণে পুরোহিত দর্পন, গীতা বই প্রদানের ফলে পুরোহিত ও সেবাইতদের ধর্মীয় জ্ঞান বৃদ্ধি পাবে;
- হিন্দু আইন ও পূজা পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন পূজা পার্বনের একটি সর্বজন স্বীকৃত পূজা পদ্ধতি প্রতিষ্ঠিত হবে যার ফলে পূজার নিয়মকানুন সঠিকভাবে মানুষ জানতে পারবেন;
- ভূমি আইন, আইসিটি ও ডিজিটাল বাংলাদেশ শীর্ষক প্রশিক্ষণের ফলে পুরোহিত ও সেবাইতরা জমির দাগ নম্বর, খতিয়ান, নাম জারি, ভূমি রেকর্ড ও রেজিস্ট্রেশন সম্পর্কে জানাতে পারবেন এবং অন্যকে জানতে সাহায্য করবেন। এছাড়া আইসিটি বিষয়ে জ্ঞানার্জনের মাধ্যমে তারা ডিজিটাল বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবেন;
- সামাজিক মূল্যবোধের উপর প্রশিক্ষণ নিয়ে পুরোহিত ও সেবাইতরা বাল্যবিবাহ রোধ, ইভটিজিং রোধ, যৌতুকের শাস্তি, মাদকের কুফল ও প্রতিকার, সন্ত্রাস প্রতিরোধ, নারী ও পুরুষ বৈষম্য রোধ এবং সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠায় জোরালো ভূমিকা পালন করবেন;
- গবাদি পশুপালন বিষয়ে প্রশিক্ষণের ফলে পুরোহিত ও সেবাইতরা গরু, ছাগল, ভেড়া পালন ও পরিচর্যা পদ্ধতি, হাঁস মুরগী পরিচর্যা, মাছ চাষ ও বাজারজাতকরণ সম্পর্কে জানবেন এবং অন্যকে জানতে সহায়তা করবেন। গবাদী পশুপালন করে কিভাবে স্বাবলম্বী হওয়া যায় সে বিষয়ে পুরোহিত ও সেবাইতরা অন্যদেরকে দিক নির্দেশনা প্রদান করবেন;
- কৃষি ও বনায়ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে পুরোহিত ও সেবাইতরা হর্টিকালচার , বাড়ির আঙ্গিনায় বাগান, মৌমাছি পালন পদ্ধতি, ঔষধি গাছের গুনাগুন ও উপকারিতা এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের গুরুত্ব সম্পর্কে জানবেন এবং কৃষিকাজ করে কর্সসংস্থানের সুযোগ সৃষ্টি করার বিষয়ে জানতে অন্যদেরকে সহাযোগিতা করবেন;
- খাদ্যপুষ্টি ও স্বাস্থ্যসেবা বিষয়ক প্রশিক্ষণ পুষ্টিকর খাদ্য, মায়ের দুধের পুষ্টিগুন, পরিবারের প্রাথমিক চিকিৎসা, বৃদ্ধ বয়সে স্বাস্থ্যের যত্ন, প্রজনন স্বাস্থ্য, ইসিডি (Early Childhood Development) ও ইপিআই (Expanded Program on Immunization) সম্পর্কে পুরোহিত ও সেবাইতদের ধারণা সুস্পষ্ট হবে। প্রশিক্ষণলব্ধ জ্ঞানের মাধ্যমে পুরোহিত ও সেবাইতরা যেমন নিজে উপকৃত হবেন, তেমন অন্যদেরকেও এ সকল বিষয়ে সচেতন করতে পারবেন;

❖ **প্রকল্পের আউটপুট (Output):**

❖ **পুরোহিত ও সেবাইতদের বিভিন্ন বিষয়ের উপর  বছর ভিত্তিক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার তথ্য নিম্নরূপ:**

| বছর ভিত্তিক | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০২০-২১ | ৩২৪টি | ৮,১০০ জন | প্রতি ব্যাচে ২৫ জন করে এক একটি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। পুরোহিত ও সেবাইতদের ব্যাচ আলাদা করে প্রদান করা হবে। প্রশিক্ষণের বিভিন্ন বিষয় যেমন:- ১। হিন্দু আইন ও পূজা পদ্ধতি ২। সামাজিক মূল্যবোধ ৩। ভূমি আইন, আইসিটি ও জিডিটাল বাংলাদেশ ৪। গবাদি পশু পালন ৫। কৃষি ও বনায়ন ও ৬। খাদ্যপুষ্টি ও স্বাস্থ্যসেবা। তাছাড়া পুরোহিত ও সেবাইতদের ধর্মীয় পুস্তক যেমন:- পুরোহিত দর্পণ ও গীতা প্রদান করা হবে। |
| ২০২১-২২ | ৮৬৪ টি | ২১,৬০০ জন | |
| ২০২২-২৩ | ৩৪৮ টি | ৮,৭০০ জন | |
| মোট = | ১,৫৩৬ টি | ৩৮,৪০০ জন | |

❖ **বছর ভিত্তিক পুরোহিত ও সেবাইতদের ভাতা প্রদানের পরিমাণ:**

| বছর ভিত্তিক | ভাতার পরিমাণ (লক্ষ টাকায়) | পুরোহিত ও সেবাইতদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০২০-২১ | ১৩৪.৪০ টাকা | ১,৬০০ জন | ৬৪ জেলায় মোট ১,৬০০ জন পুরোহিত ও সেবাইতদের মাসিক ৭০০ টাকা করে প্রতি তিন মাস পরপর ভাতা প্রদান করা হবে। যাতে তারা পুরোহিত পেশায় থেকে নিজেকে স্বাবলম্বী করে তুলতে পারে। |
| ২০২১-২২ | ১৩৪.৪০ টাকা | ১,৬০০ জন | |
| ২০২২-২৩ | ১৩৪.৪০ টাকা | ১,৬০০ জন | |
| মোট = | ৪০৩.২০ টাকা | ১,৬০০ জন | |

❖ **টিওটি কোর্স, টিওটি রিফ্রেসার্স ও ইন্ট্রোডাক্টরী কোর্স:**

| বছর ভিত্তিক | বিষয়ের নাম | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২০২০-২১ | টিওটি কোর্স | ৪ টি | ১২৮ জন | টিওটি প্রতি ব্যাচে ৩২ জন এবং রিফ্রেশার্স ব্যাচেও ৩২ জন করে পুনরায় প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতি জেলায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, টিওটি ও অন্যান্য ব্যক্তিদের নিয়ে ৪০ জন করে একটি অবহিতকরণ সভা/ইন্ট্রোডাক্টরী কোর্স  প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে যেন পুরোহিত ও সেবাইত প্রশিক্ষণ ফলপ্রসূ হয়। |
| | ইন্ট্রোডাক্টরী কোর্স | ৬৪ টি | ২৫৬০ জন | |
| ২০২১-২২ | টিওটি রিফ্রেশার্স | ২ টি | ৬৪ জন | |
| ২০২২-২৩ | টিওটি রিফ্রেশার্স | ২ টি | ৬৪ জন | |
| | মোট = | ৭২ টি | ২,৮১৬ জন | |

❖ **প্রকল্পের আওতায় কার্যক্রমসমূহ:**

- ৩৮,৪০০ জন পুরোহিত ও সেবাইতকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ১২৮ জন পুরোহিত ও সেবাইতদেরকে ঢাকায় টিওটি প্রশিক্ষণ প্রদান করা হবে এবং প্রকল্পের সময়কালে তাদেরকে রিফ্রেসার্স প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ইন্ট্রোডাক্টরী কোর্স ফর ট্রেইনার অফিসার্স কোর্সে ৬৪ টি ব্যাচের মাধ্যমে ২,৫৬০ জনকে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।
- প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে পুরোহিতদেরকে ৬,৪০০টি পুরোহিত দর্পণ ও সেবাইতদেরকে ৬,৪০০ টি গীতা বই বিতরণ করা হবে।
- টিওটি প্রশিক্ষণে ৪টি ব্যাচে অংশগ্রহণকারীদের জন্য ১২৮টি পুরোহিত দর্পণ ও ১২৮টি গীতা বই বিতরণ করা হবে।
- প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ব্যাগ, পেন, প্যাড, খাবার, সম্মানী, আবাসন ফি ও প্রশংসাপত্র প্রদান করা হবে।

সমগ্র বাংলাদেশের ৬৪ জেলায় মোট ৩৮,৪০০ জন পুরোহিত ও সেবাইতদের হিন্দু আইন ও পূজা পদ্ধতি, সামাজিক মূল্যবোধ, খাদ্যপুষ্টি ও স্বাস্থ্যসেবা, ভূমি আইন, আইসিটি ও ডিজিটাল বাংলাদেশ, কৃষি ও বনায়ন ও গবাদি পশু পালন এ ছয়টি বিষয়ে প্রশিক্ষণের আওতায় আনা হবে। এই উদ্দেশ্যে ১৮৪৪.২৩ লক্ষ টাকা ব্যয় করা হবে। প্রশিক্ষক প্রশিক্ষণ, প্রশিক্ষকদের রিফ্রেশার্স কোর্স ও ইন্ট্রোডাক্টরী কোর্সের জন্য ব্যয় ধরা হয়েছে ১৪০.৩২ লক্ষ টাকা। অত্র প্রকল্পের প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে থাকবেন বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, সম্মানিত ট্রাস্টিগণ, জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, সিভিল সার্জন কার্যালয়ের কর্মকর্তা/চিকিৎসকবৃন্দ, জর্জ কোর্টের এ্যাডভোকেট, প্রানিসম্পাদ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, পুরোহিতদের প্রশিক্ষণ প্রদানের জন্য বিশেষায়িত জ্ঞানসম্পন্ন প্রশিক্ষক, পন্ডিতবর্গ, সুশীল সমাজের প্রতিনিধিগণ, মাধ্যমিক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রভাষক/অধ্যাপকবৃন্দ, প্রযুক্তিবিদ ও অন্যান্য সরকারি অফিসের কর্মকর্তাবৃন্দ এবং অত্র প্রকল্পের কর্মকর্তা ও কনসালটেন্ট/জুনিয়র কনসালটেন্টবৃন্দ ।